



সুধী,

গুরুচণ্ডাল প্রকাশনা সংস্থা গত এক দশকের বেশি সময় ধরে বাংলা সাহিত্য ও সমকাল বিষয়ক বই ও সাময়িকী প্রকাশ করে চলেছে। গুরুচণ্ডালের কর্মকান্ড ছড়ানো রয়েছে মুদ্রিত, আন্তর্জাল এবং বৈদ্যুতিন প্রকাশনার ক্ষেত্রে।

গুরুচণ্ডালের সঙ্গে নিবিড়ভাবে জড়িত ছিলেন ডঃ জয়ন্তী অধিকারী, আমরা যাঁকে কুমুদি বলে ডেকে এসেছি। প্রেসিডেন্সি কলেজের রসায়নের ছাত্রী এবং পরবর্তীতে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ফলিত রসায়নে পিএইচডি জয়ন্তী অধিকারী দিল্লিবাসিনী ছিলেন। পেশায় বিজ্ঞানী জয়ন্তীর ভালোবাসা ছিল সাহিত্য- লিখেছেন গল্প, কবিতা, রম্যরচনা, প্রবন্ধ যা প্রকাশিত দিগঙ্গন, গুরুচণ্ডাল, বর্তমান, কথাসাহিত্য, সন্দেশ, সানন্দা, এই সময়ে। ছিলেন সর্বভারতীয় শিশুসাহিত্য প্রতিযোগিতার দ্বিতীয় স্থানাধিকারিণী। কুমুদির লেখার ব্যাপ্তিকে বোঝার জন্য যথেষ্ট নয়, তবু নেটপত্রিকায় প্রকাশিত তাঁর দুটি লেখার লিংক দেওয়া রইল-

১। একটি নীল মুক্তা, সিদ্ধান্ত শিরোমণি ও নীলাবতী

<https://www.guruchandali.com/comment.php?topic=17209>

২। একটি ত্রেতাযুগের ইশকুলের গল্প

<https://www.guruchandali.com/comment.php?topic=19137>

কুমুদি আমাদের ছেড়ে চলে গেছেন মাস ছয়েক। রয়ে গেলেন স্মৃতিতে। কুমুদির স্মরণসংখ্যা <https://www.guruchandali.com/comment.php?topic=22378> গুরুচণ্ডালে প্রকাশিত হয়েছে সম্প্রতি।

স্মৃতিস্বপ্নের স্ববিরতাকে ভালবাসিনি আমরা, চাইছি স্মৃতির চলমানতা। আমরা চাইছি, বাংলা অক্ষর বেয়ে বেয়ে পরের প্রজন্মেও পৌঁছে যান কুমুদি- তারা আমাদের কুমুদিকে চিনুক, ভালবাসুক, লেখা পড়ুক, পড়াক বন্ধুদের। কুমুদিও তাদের চিনতে চাইবেন- বলই বাহুল্য।

এই সব অলীক চেনাজানাকে বাস্তব করতে গুরুচণ্ডাল শুরু করছে বার্ষিক 'কুমুদি পুরস্কার' - কিশোর কিশোরীদের বাংলা গল্প লেখার প্রতিযোগিতায়।

- বয়স অনুযায়ী দুটি বিভাগ থাকছে:
 - ১১ থেকে ১৪ - পঞ্চম থেকে অষ্টম শ্রেণি
 - ১৫ থেকে ১৮ বছর - নবম থেকে দ্বাদশ শ্রেণি
- গল্প লিখে ১০ই অক্টোবরের মধ্যে ইমেল করতে হবে হবে guruchandali@gmail.com ঠিকানায়।
- কোনো বিষয় বা শব্দসীমা ধার্য করা নেই।
- ১৬ই অক্টোবর পুরস্কার ঘোষণা করা হবে।
- দশজন পাবে কুমুদির লেখা বই।
- তিনজন পাবে, এছাড়াও পছন্দমত বই কেনার জন্য বইয়ের গিস্ট কুপন।



গুরুচণ্ডাল

আন্তর্জাল, সাময়িকী, চটি সিরিজ

বাছাই কিছু লেখা প্রকাশিত হবে ১৬ ই অক্টোবর, কুমুদিকে নিয়ে আরো কিছু লেখার সঙ্গে, গুরুচণ্ডাল ওয়েবসাইটে।

গুরুচণ্ডাল একান্ত অনুরোধ, নিজেদের বিবিধ গ্রুপে, পরিচিত, আত্মীয়, বন্ধুবান্ধবদের মধ্যে শেয়ার করুন এই বার্তা- ছাত্রছাত্রীদের কাছে পৌঁছে দিন প্রতিযোগিতার সন্দেশ- এ'প্রয়াসে যোগ দিতে উৎসাহ দিন তাদের।

লিখতে থাকুক নবীন প্রজন্ম-

ধন্যবাদ সহ
গুরুচণ্ডাল।

মোবাইল ক্যামেরা তাক করে কিউ আর কোড স্ক্যান করে খোলার লিংকঃ

